**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের কৃষ্টি সংস্কৃতি ঐতিহ্যকে ধরে রাখতে রাজ্য সরকার প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে।**

**(২) বিলোনিয়া শহর ও শহরতলিকে বন্যার প্রকোপ থেকে রক্ষা করতে সরকার সর্বতভাবে উদ্যোগ নিয়েছে বলেছেন- পূর্ত সচিব কিরণ গিত্যে|**

**(৩) গড়িয়া পূজা উপলক্ষে রাজ্যে সর্বত্র ব্যাপক** উৎসাহ্ **উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে |**

**(৪) কৈলাশহর ক্রিকেট এসোসিয়েশনের বার্ষিক পুরস্কার বিতরণী আজ ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়।**

*********************************************

**CM:**

রাজ্যের কৃষ্টি সংস্কৃতি ঐতিহ্যের মধ্যেই আমাদের বেঁচে থাকতে হবে। তাকে ধরে রাখতে রাজ্য সরকার প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ পুরাতন আগরতলার সেনপাড়ায় বাংলা সংস্কৃতি বলয়ের ৭২ তম সংস্কৃতির হাটে প্রধান অতিথির ভাষণে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি বলেন, ঐক্যের মধ্যে একতাকে খুঁজে পাওয়া যায় এই ধরনের সংস্কৃতি হাটে। আগামী দিনে শুধু রাজ্যে নয় জাতীয় স্তরেও এই ধরনের সংস্কৃতিকে তুলে ধরার প্রয়াস নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানান।মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের

হারিয়ে যাওয়া সংস্কৃতি যেমন নাটক, যাত্রা, পুতুল নাচ, কীর্তনকে পুনরুদ্ধারে জন্য তথ্য সংস্কৃতি দপ্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে।

########### Byte CM ###########

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার ভারপ্রাপ্ত জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল, পুরাতন আগরতলার পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্না রানী দাস, সংস্কৃতি বলয়ের সভাপতি দেবাশীষ ভট্টাচার্য প্রমূখ। রাজ্যের বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের শিল্পীরা অনুষ্ঠানে নাচ-গান আবৃত্তি পরিবেশন করেন।

************************

**Kiran Gitte -Belonia:**

রাজ্য সরকারের পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে আজ দক্ষিন জেলা বিলোনিয়া সফর করেন। তিনি বিলোনিয়া শহর ও পাশের উত্তর বিলোনিয়া, বল্লামুখা, আই সি নগর সহ বিভিন্ন এলাকার বাঁধ নির্মানের কাজ পরিদর্শন করেন| পরে সার্কিট হাউসে তাঁর পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে বিএসএফ'র ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি এ কে শর্মা, গকুল নগর সেক্টরের ডিআইজি বি কাসানা, দক্ষিণ জেলার অতিরিক্ত জেলাশাসক প্রদীপ কে, জেলা পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর ও পূর্ত দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন| এই বৈঠকে বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, ভারতচন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন পুতুল পাল বিশ্বাস, ঋশ্যমুখ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শম্ভুনাথ কর সহ স্হানীয় জন প্রতিনিধিরা বিলোনিয়া শহর, উত্তর বিলোনিয়া, বল্লামুখা ও আমজাদনগর এলাকাকে বন্যার প্রকোপ থেকে রক্ষা করতে দ্রুত উদ্যোগ নিতে দাবি জানান। পূর্ত দপ্তরের সচিব জানান, বিলোনিয়া শহর ও আশপাশের এলাকাকে বন্যার হাত থেকে রক্ষা করতে দিনরাত কাজ করবে দপ্তর৷

######## Byte Kiran Gitte ########

************************

**Garia Puja:**

আগামীকাল ঐতিহ্যবাহী গড়িয়া পূজা| বাবা গড়িয়া পূজাকে কেন্দ্র করে রাজ্যের সর্বত্র ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়। জনজাতি অধ্যুষিত এলাকা ছাড়াও বাবা গড়িয়া পূজা অনুষ্ঠিত হচ্ছে রাজধানী আগরতলা শহর ও শহরতলীতে। গড়িয়া পূজাকে কেন্দ্র করে আগরতলার নাজিরপুকুর পূজা কমিটি, প্রভাত চন্দ্র রায় পূজা কমিটি, কেবিসি পূজা কমিটি, প্রগতি প্লে সেন্টার পূজা কমিটি সহ অন্যান্য জায়গায় চলছে ব্যাপক প্রস্তুতি।

গড়িয়া পূজা উপলক্ষে আমাদের প্রতিনিধি মেঘধন দেবের একটি প্রতিবেদন...........

######## Package Story ########

জমাতিয়া হদার প্রাক্তন প্রধান উপদেষ্টা মঙ্গলাদেবী জমাতিয়া আমাদের প্রতিনিধিকে বলেন,

######## Byte Mangala Devi ########

************************

**Governor:**

গড়িয়া পূজা উপলক্ষে রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু  সমস্ত রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন | এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন

ভক্তি ও সমৃদ্ধির প্রতীক গড়িয়া পূজা ও উৎসব |এই পূজা ও উৎসব সমস্ত ত্রিপুরাবাসীর জীবনে আনন্দ ভালোবাসা ও সৌভাতৃত্বের পরিবেশ বজায় রাখবে বলে রাজ্যপাল আশা প্রকাশ করেছেন |

************************

## One Nation One Election-CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সারা দেশে একযোগে নির্বাচন হলে যেমন ব্যয় সাশ্রয় হবে, তেমনি প্রশাসনিক কার্যকারিতাও অনেক বাড়বে। আজ আগরতলার সুকান্ত একাডেমিতে বিজেপি লিগ্যাল সেল আয়োজিত "এক দেশ এক নির্বাচন" শীর্ষক এক আলোচনা সভায় একথা বলেন তিনি। এদিন তিনি বিরোধী রাজনৈতিক দলগুলোর সমালোচনা করে বলেন, জনগণের স্বার্থ নয়, বরং নিজেদের স্বার্থকেই তারা অগ্রাধিকার দেয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য সহ দলের অন্যান্য নেতৃবৃন্দ।

************************

## One Nation, One Election:

রাষ্ট্রবাদী কর্মচারী কর্ডিনেশন কমিটির উদ্যোগে আজ ঊনকোটি জেলার ফটিকরায় নজরুল কলাকেন্দ্রে "এক দেশ, এক নির্বাচন" বিষয়ে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়।

আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাশ প্রমুখ।

************************

## Ratan Lal Nath:

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ আজ লালবাহাদুর ব্যায়ামাগারে প্রধানমন্ত্রী সূর্যঘর মুফত বিজলি যোজনা নিয়ে জনসচেতনতা ও নিবন্ধীকরন শিবিরের উদ্বোধন

করেন| বিদ্যুৎমন্ত্রী বলেন, সব নাগরিকের বাড়ির ছাদেই সোলার বিদ্যুৎ প্রকল্প স্থাপন করা যায়। প্রতিটি পরিবার সর্বোচ্চ ৩ কিলোওয়াট পর্যন্ত সৌর প্যানেল স্থাপন করতে পারবেন। নিজের প্রয়োজন মিটিয়ে উদ্বৃত্ত বিদ্যুৎ যে কোন ভোক্তা ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের কাছে বিক্রিও করতে পারবেন। তিনি বলেন, আবাসিক সেক্টরে প্রথম ১ কিলোওয়াট ক্ষমতা সোলার প্যানেল বসানোর ক্ষেত্রে প্রতি কিলোওয়াট এর জন্য গ্রাহকরা ভর্তুকি পাবে ৩৩ হাজার টাকা, ২ কিলোওয়াটের ক্ষেত্রে ৬৬ হাজার টাকা এবং ৩ কিলোওয়াট সোলার প্যানেলের ক্ষেত্রে সর্বোচ্চ ভর্তুকি ৮৫,৮০০ টাকা পাবেন|এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লালবাহাদুর ক্লাব সভাপতি প্রণব সরকার, সদস্য সুবল ভৌমিক সহ অন্যান্যরা।

************************

**US VC President:**

মার্কিন ভাইস প্রেসিডেন্টস জেডি ভ্যান্স ভারতে চারদিনের সফরে আগামীকাল সকালে নয়াদিল্লি পৌছাবেন |তার সঙ্গে থাকবেন মার্কিন সেকেন্ড লেডি উষা ভ্যান্স, তাদের সন্তান এবং মার্কিন প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকরা| এটিই হবে ভাইস প্রেসিডেন্ট ভ্যান্সের প্রথম ভারত সফর| আগামীকাল সন্ধ্যায় তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করবেনএবং দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করবেন |

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***********************

**Jammu Kasmir:**

জম্মুর রামবান জেলার সেরি বাগনা এলাকায় মেঘ ভাঙ্গা বৃষ্টিতে আজ তিনজনের মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে  দুই জন শিশু এবং একজন বৃদ্ধ রয়েছে। রাতভর টানা বৃষ্টিপাতের কারণে ভূমিধ্বংস এবং আকস্মিক বন্যায় রামবানের অনেক সম্পত্তি এবং রামবান এলাকায় জম্মু শ্রীনগর জাতীয় মহাসড়কের পাশে কিছু যানবাহন নষ্ট হয়ে গেছে।

এর ফলে এই অঞ্চলের ধরমকুন্ড গ্রামে প্রায় ৪0টি আবাসিক বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন পর্যন্ত ১00 জনের ও বেশি মানুষকে উদ্ধার করা হয়েছে, ত্রাণও উদ্ধার কাজ চলছে।

এদিকে ঐতিহাসিক মুঘল রোড, য জম্মু বিভাগের রাজৌরি এবং পুঞ্চের  দুটি সীমান্তবর্তী জেলাকে কাশ্মীর উপত্যকার শোপিয়ান জেলার সাথে যুক্ত করে তা হালকা মোটরযান চলাচলের জন্য  পুনরায় খুলে দেওয়া হয়েছে। তবে জম্মু শ্রীনগর জাতীয় মহাসড়ক, শ্রীনগর- সোনমার্গ - গুমরি সড়ক এবং সিন্থান সড়ক বর্তমান আবহাওয়া এবং রাস্তার পরিস্থিতির কারণে বন্ধ রয়েছে। রাস্তার অবস্থা এবং সহায়তার জন্য যাত্রীদের হেল্পলাইন নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে।

***********************

**Easter**:

যীশু খ্রিস্টের পুনরুত্থানের প্রতীক ইস্টার, আজ বিশ্বজুড়ে উদযাপিত হচ্ছে| ইস্টার উদযাপন উপলক্ষে দেশের বিভিন্ন গির্জাগুলিতে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে | রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইস্টার উৎসব উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন।

************************

**Susanta Choudhury:**

শিশুদের সংস্কৃতি মনোভাবাপন্ন করে তোলার উপর পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী গুরুত্ব আরোপ করেছেন| হেপাটাইটিস ফাউনডেশন অফ ত্রিপুরা উদয়পুর শাখার উদ্যোগে আয়োজিত উদয় আলো শীর্ষক এক সাংস্কৃতিক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন পর্যটন মন্ত্রী একথা বলেন| তিনি বলেন সংস্কৃতি ছাড়া কোনো দেশ উন্নত হতে পারে না| উদয়পুর পূর্ব গকুলপুর প্রাকৃতিক পার্কে আজ বিকেলে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

************************

**B.J.P / Unakoti:**

বি,জে,পি'র কৈলাশহরস্থিত জেলা কার্যালয়ে আজ "ওয়াকফ সংশোধনী জনজাগরণ অভিযান" কর্মসূচি অনুষ্ঠিত হয়। এখানে ওয়াকফ সংশোধনী আইনের স্বপক্ষে বক্তব্য রাখেন, শ্রমমন্ত্রী টিংকু রায়, দলের জেলা সভাপতি বিমল কর, প্রাক্তন জেলা সভাপতি পবিত্র চন্দ্র দেবনাথ, দলীয় নেতা জয়দুল হুসেন প্রমুখ।

************************

**Blood Donation:**

রানীরখামারস্থিত শ্রী রামকৃষ্ণ বিবেকানন্দ আশ্রমের প্রয়াত স্বামী মৃত্যুঞ্জয়ানন্দ মহারাজ ও পরেশ চন্দ্র চক্রবর্তীর প্রথম মৃত্যুবার্ষিকীতে স্মরণ সভা ও রক্তদান শিবিরের আয়োজন করা হয়| রক্তদান শিবিরের উদ্বোধন করেন রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। শিবিরে ৩৫ জন রক্তদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক শ্রীমন্থ দেবনাথ ও জেলা পরিষদের সদস্য মলয় লোধ প্রমুখ| পৌরহিত্য করেন আশ্রমের মহারাজ স্বামী মাতৃময়ানন্দ ।

************************

**Blood Donation-GB Hospital:**

গভমেন্ট মেডিকেল ল্যাবরেটরী টেকনোলজি এম্পলয়ীজ এসোসিয়েশনের প্রথম বার্ষিক সম্মেলন উপলক্ষে আগরতলা জিবি হাসপাতালের অডিটরিয়াম হলে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা তপন মজুমদার, এসোসিয়েশনের সাধারণ সম্পাদক উৎপল চাকমা সহ অন্যান্যরা। এই শিবিরে ৪৫ জন রক্তদান করেন।

************************

**Condolence Meeting:**

সিপিআইএম সাব্রুম মহকুমা কমিটির প্রাক্তন সম্পাদক প্রয়াত দীপক চৌধুরীর স্মরণসভা আজ স্থানীয় পুরাতন টাউন হলে অনুষ্ঠিত হয়। উপস্থিত সকলেই প্রয়াতের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। সভায় বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী প্রয়াত দীপক চৌধুরীর রাজনৈতিক জীবনের নানা দিক তুলে ধরে স্মৃতিচারন করে বক্তব্য রাখেন।

************************

**Prize Giving Ceremony:**

কৈলাশহর ক্রিকেট এসোসিয়েশনের বার্ষিক পুরস্কার বিতরণী আজ স্থানীয় ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। উদ্বোধকের ভাষনে তিনি বলেন, রাজ্যে ক্রীড়া পরিকাঠামোগত মান্নোনয়নে বহুমুখী কর্মধারা জারী আছে| পর্যাপ্ত শারীর শিক্ষক নিয়োগের প্রক্রিয়া চলছে বলে তিনি জানান।

আজকের অনুষ্ঠানে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সভাপতি তপন লোধ, কোষাধ্যক্ষ বাসুদেব চক্রবর্তী, কৈলাশহর ক্রিকেট এসোসিয়েশনের সচিব প্রলয় পাল প্রমুখ বক্তব্য রাখেন। সভাপতিত্ব করেন,কৈলাশহর ক্রিকেট এসোসিয়েশনের সভাপতি শ্যামল দাস। এখানে ছয়টি ছয়টি ক্রীড়া ক্লাব'কে পাঁচ হাজার টাকা করে অর্থরাশি তুলে দেওয়া হয়। তাছাড়া গত তিন বছরে বিভিন্ন টূর্ণামেন্টে চ্যাম্পিয়ন ও রানার্স দল'কে ট্রফি তুলে দেওয়া হয়।

************************

**First Division:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে পোলস্টার ক্লাব ১৭৮ রানে ইউনাইটেড বি এস টি'কে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে শতদল সংঘ ৬ উইকেটে মৌচাক ক্লাবকে পরাজিত করে।

************************

**Weather:**

আগামী ২৪ ঘণ্টায় আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে| রাজ্যের বিভিন্ন এলাকায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে৷ তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে৷

আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

************************

************************